গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
ওয়েজ আর্নার্স হোষ্টেল কমপ্লেক্স(লেভেল-৮)
৭১-৭২ পুরাতন এলিফেন্ট রোড,(ইস্কাটন গার্ডেন), রমনা, ঢাকা।
ই-মেইল- dgdncbd@gmail.com
Website: www.dnc.gov.bd

পরিপত্র

সংখ্যাঃ মানিঅ/মপ/গবেঃপ্রকাঃ/০১/২০০১/৪৩৯(৫০) তারিখঃ১২/১২/২০১০

বিষয়ঃ মাদকবিরোধী কার্যক্রম পরিচালনাকারী বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা (এনজিও) এর নিবন্ধন নম্বর ইস্যু ও নবায়ন প্রসংগে।

দেশের বিভিন্ন স্থানে মাদকবিরোধী কর্মকান্ডে অংশগ্রহণকারী বেসরকারী সংস্থা/সংগঠনকে সরকারের সিদ্ধান্ত অনুযায়ী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের রেজিষ্ট্রেশন গ্রহণ ও বছর বছর তা নবায়ন করতে হয়। অধিদপ্তরের ২০/০৯/২০০২ তারিখের মানিঅ/মপ/গবেঃ প্রকাঃ ১/২০০১(অংশ ৭)/১৫১১(১০০) নং পত্রের মাধ্যমে এ সংক্রান্ত নির্দেশনা জারী করা হয়েছিলো।

উক্ত নির্দেশনার ভিত্তিতে রেজিষ্ট্রেশন গ্রহণে ইচ্ছুক বেসরকারী সংস্থা ও সংগঠনকে সংশ্লিষ্ট উপ-অঞ্চল অফিস হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহপূর্বক তা পুরণ করে প্রয়োজনীয় কাগজপত্র (প্রমাণপত্র) সহ উপ- অঞ্চল অফিসে দাখিল করতে হয়। উপ-অঞ্চল থেকে যাচাই করে সুপারিশসহ উক্ত আবেদন প্রধান কার্যালয়ে পাওয়া গেলে অধিদপ্তরের নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা অধিশাখার মাধ্যমে মহাপরিচালকের অনুমোদনের পর চালানের মাধ্যমে সরকার নির্ধারিত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিবিধ রাজস্ব প্রাপ্তি ১/২২৭৩/০০০০/২৬৮১ খাতে রেজিষ্ট্রেশন ফি বাবদ ১,০০০(এক হাজার) টাকা জমা করার জন্য আবেদনকারীকে অনুরোধ করা হয়। জমাকৃত চালানের কপি সংশ্লিষ্ট উপ অঞ্চলের মাধ্যমে যাঁচাইঅন্তে সঠিক পাওয়া গেলে রেজিষ্ট্রেশন ইস্যু /সনদপত্র ইস্যু ও নবায়ন আদেশ জারী করা হয়। একই পদ্ধতিতে নবায়ন ফি বাবদ ৫০০(পাঁচশত) টাকা আদায় সাপেক্ষে নবায়ন আদেশ জারী করা হয়।

অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত অন্যান্য লাইসেন্স/পারমিট ও পাশ ইস্যু বিষয়ক নির্ধারিত পদ্ধতির সাথে সমতা রক্ষা, পদ্ধতিগত জটিলতা নিরসন, আর্থিক হিসাব সংরক্ষণের সুবিধা বিবেচনা এবং রেজিষ্ট্রেশন গ্রহণে ইচ্ছুক বেসরকারী সংস্থা/সংগঠনের হয়রানি লাঘবের উদ্দেশ্যে উপরোক্ত পদ্ধতি নিম্নরুপভাবে সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হওয়ায়, পরবর্তী সিদ্ধান্ত না দেয়া/নতুন কোন নির্দেশনা/বিধিমালা প্রণীত না হওয়া পর্যন্ত এ বিষয়ক নিম্নবর্ণীত নির্দেশনা জারী করা হলোঃ

০১। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের রেজিষ্ট্রেশন গ্রহণে ইচ্ছুক মাদকবিরোধী কর্মকান্ডে অংশগ্রহণকারী বেসরকারী সংস্থা/সংগঠন সংশ্লিষ্ট উপ-অঞ্চল থেকে নির্ধারিত আবেদন ফরম(পরিশিষ্ট-ক) সংগ্রহ করবে

০২। আবেদন ফরম পুরণ করে আনুষঙ্গিক প্রমাণপত্র সহ তা সংশ্লিষ্ট উপ-অঞ্চলে দাখিল করবে।

০৩। উপ-আঞ্চলিক প্রধান আবেদনটির নিম্নবর্নিত বিষয়সমূহ যাচাই করে এ সংক্রান্ত একটি প্রতিবেদন প্রস্তত করবেন।

ক) প্রতিষ্ঠানটির নাম, ঠিকানা, অস্তিত্ব;

খ) প্রতিষ্ঠানটির অনুমোদিত গঠনতন্ত্র ;

গ) নির্বাহী কমিটির গঠন বিষয়ক সভার কার্যবিবরণী, নির্বাহী কমিটির মেয়াদ, নির্বাহী কমিটির সদস্যগণের অস্তিত্ব;

ঘ) প্রতিষ্ঠানটির অর্থের উৎস ও কর্ম এলাকা;

ঙ) সমাজ সেবা অধিদপ্তর/এনজিও বিষয়ক ব্যুরো/জয়েন্ট স্টক কোম্পানী/অন্যকোন আইনে স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান হিসেবে রেজিষ্ট্রেশন রয়েছে কিনা;

চ) আবেদনকারী প্রতিষ্ঠান/সংগঠন বিগত ছয় মাসে সংশ্লিষ্ট জেলা/উপজেলায় কি ধরণের মাদকবিরোধী কর্মকান্ডে অংশগ্রহণ করেছে তার বর্ণনা সম্বলিত দাখিলকৃত বিবরণ সঠিক কিনা সে সম্পর্কে মন্তব্য;

১১

০৪। উপ-আঞ্চলিক প্রধানের যাচাই প্রতিবেদনের ভিত্তিতে আবেদনের বিষয়টি জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটির সভায় এজেন্ডাভুক্ত করে এ বিষয়ে সিদ্ধান্তের জন্য উপস্থাপন করতে হবে।

০৫। আবেদনকারী প্রতিষ্ঠানটির সংশ্লিষ্ট জেলা/উপজেলায় মাদকবিরোধী কর্মকান্ডে অংশগ্রহণ বিষয়ক কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হলে সে বিষয়ক সিদ্ধান্ত কার্যবিবরণীতে অন্তর্ভূক্ত করতে হবে।

০৬। অতঃপর উপ-আঞ্চলিক প্রধান এ বিষয়ক তার প্রতিবেদন, সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী সহ অতিরিক্ত পরিচালকের মাধ্যমে আবেদনটি প্রধান কার্যালয়ের বিবেচনার জন্য সুপারিশসহ প্রেরণ করবেন।

০৭। প্রধান কার্যালয় কর্তৃক আবেদনটি যাচাইঅন্তে অনুমোদনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট উপ আঞ্চলিক কর্মকর্তাগণ নিবন্ধন ফি আদায় করে চালান যাচাই প্রতিবেদনসহ মূল চালানের ফটোকপি সত্যায়িত করে প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন। পরবর্তীতে অধিদপ্তরের প্রধান কার্যালয় হতে নিবন্ধন সংযুক্ত ফরমে (পরিশিষ্ট-খ) রেজিস্ট্রেশন নম্বর ইস্যু করবে।

০৮। অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত অন্যান্য লাইসেন্স/পারমিটের মত বৎসরে একবার প্রতিবছর ৩১ জুলাই এর মধ্যে উপ-আঞ্চলিক প্রধান তার উপ-অঞ্চলের সকল রেজিস্ট্রেশনধারী প্রতিষ্ঠানের নবায়ন সংক্রান্ত আবেদন ও বেসরকারী সংস্থা/সংগঠনসমূহের বিগত বছরের মাদকবিরোধী কার্যক্রমের মূল্যায়ন প্রতিবেদনসহ অঞ্চলের মাধ্যমে প্রধান কার্যালয়ের বিবেচনার জন্য সুপারিশসহ প্রেরণ করবেন। প্রধান কার্যালয় হতে অনুমোদিত হলে অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত অন্যান্য লাইসেন্স/পারমিটের মত এনজিওদের নিবন্ধন নবায়ন করবেন।

(খন্দকার মোহাম্মদ আলী)
মহাপরিচালক
ফোনঃ ০২- ৮৩১২১৩১

বিতরণঃ

১। পরিচালক, (প্রশাসন/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা /অপারেশনস) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

২। চীফ কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় মাদকাসক্ত নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।

৩। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/গোয়েন্দা অঞ্চল, ।

৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।

৬। উপ-পরিচালক/সহকারী পরিচালক(   ), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৭। উপ পরিচালক/সহাকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়েন্ত্রণ অধিদপ্তর, ... (সকল উপ-অঞ্চল,গোয়েন্দা অঞ্চল)।

৮। মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী। মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।